

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

www.bb.org.bd

এফ, ই সার্কুলার নং-০৮

আষাঢ় ২৯, ১৪২২
তারিখ : -----
জুলাই ১৩, ২০১৫

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

২০১৫-২০১৬ অর্থবছরে রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করার লক্ষ্যে সরকার পূর্ববর্তী বছরসমূহের ন্যায় চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরেও কতিপয় পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত সিদ্ধান্তের সূত্রে জুলাই ০১, ২০১৫ হতে জুন ৩০, ২০১৬ তারিখ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত নিম্নোক্ত পণ্যসমূহ রপ্তানির বিপরীতে প্রতিটির পার্শ্বে উল্লিখিত হারে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা পরিশোধ্য হবে :

রপ্তানি পণ্যের নাম	প্রযোজ্য হার
১ রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুক্ক বস্ত্র ও ডিউটি ড্র-ব্যাক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা	৪.০০%
২ বস্ত্র খাতের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা (প্রচলিত নিয়মের)	৪.০০%
৩ নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্র খাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ ব্যতীত)	৩.০০%
৪ হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়ে হাতের তৈরী পণ্য রপ্তানি খাতে নগদ সহায়তা।	১৫.০০-২০.০০%
৫ কৃষিপণ্য (শাকসজি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি	২০.০০%
৬ হাঁড়ের গুড়া রপ্তানি খাতে নগদ সহায়তা	৫.০০%
৭ হাক্সা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে ভর্তুকি	১৫.০০%
৮ ১০০% হালহাল মাংস রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি	২০.০০%
৯ হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা : (ক) হিমায়িত চিংড়ি রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার Up to ২০% ১০% Above ২০% to ৩০% ৯% Above ৩০% to ৪০% ৮% Above ৪০% ৭% (খ) অন্যান্য মাছের জন্য বরফ আচ্ছাদনের হার Up to ২০% ৫% Above ২০% to ৩০% ৪% Above ৩০% to ৪০% ৩% Above ৪০% ২%	
১০ চামড়াজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ সহায়তা	১২.৫০%
১১ জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি	৫.০০%
১২ আলু রপ্তানি খাতে নগদ সহায়তা	২০.০০%
১৩ পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি	১০.০০%
১৪ পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ ভর্তুকি : ক) বৈচিত্রকৃত পাটজাত পণ্য (Diversified Jute Products) ১০.০০% খ) পাটজাত চূড়ান্ত দ্রব্য (হেসিয়ান, সেকিং ও সিবিসি) ৭.৫০% গ) পাট সুতা ৫.০০%	

উল্লেখ্য, ২০১৫-২০১৬ অর্থ বছরে জাহাজীকৃত হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে বরফ আচ্ছাদনের হার অনুযায়ী নগদ সহায়তা প্রদেয় হবে। এ খাতে নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে পণ্যের এফওবি মূল্যের বিদ্যমান সর্বোচ্চ সিলিং/সীমাসহ সংশ্লিষ্ট এফই সার্কুলার/সার্কুলারপত্রসমূহের অপরাপর নির্দেশনা যথারীতি বহাল থাকবে। এছাড়া পাটপণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে বৈচিত্রকৃত পাটজাত পণ্য (Diversified Jute Products) কমপক্ষে ৭৫% পাটের ব্যবহার থাকতে হবে।

রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য অপরাপর নির্দেশনাসমূহ যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫০